গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী অধিশাখা
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd ; যুউঅ.বাংলা

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.৩৩.০০৫.২২.১৬ তারিখ: ৩ ফাল্গুন ১৪২৮
১৬ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **যুব উন্নয়ন অধিদপ্তর এবং এনআরবিসি ব্যাংকের মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক বাস্তবায়ন।**

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণপ্রাপ্ত যুবক ও যুব নারীদের ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থান নিয়োজিতকরণ এবং উদ্যোক্তা তৈরীর জন্য যুব উন্নয়ন অধিদপ্তর এবং এনআরবিসি ব্যাংকের মধ্যে ১১/০১/২০২২ খ্রি. তারিখ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। সমঝোতা স্মারকে উভয় প্রতিষ্ঠানের জন্য করণীয় নির্ধারণ করা হয়েছে যা নিম্নরূপ:

**ক. যুব উন্নয়ন অধিদপ্তর:**

১. যুব প্রশিক্ষণ কেন্দ্রে (আবাসিক/অনাবাসিক/ভ্রাম্যমাণ) প্রশিক্ষণকালীন প্রতিভাবান, আত্মকর্মসংস্থান সৃজনে উৎসাহী, ঝুঁকি গ্রহণেচ্ছু, কিছু নিজস্ব সম্পদ বিনিয়োগে সামর্থ ও নৈতিকতাসম্পন্ন প্রশিক্ষণার্থীদের বাছাইকরণ;

২. প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্য থেকে যাচাইবাছাইপূর্বক প্রকল্প গ্রহণের জন্য ঋণ গ্রহণেচ্ছু উপযুক্ত প্রার্থীদের তালিকা প্রস্তুত করে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলার উপপরিচালকের সুপারিশসহ ব্যাংকের সংশ্লিষ্ট শাখায়/উপ-শাখায় প্রেরণ করা;

৩. এনআরবিসি ব্যাংক লিঃ হতে ঋণ গ্রহণকারী যুবগণ আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প সৃজন করতঃ অব্যাহতভাবে তা পরিচালনা করছে কিনা তার তদারকি করা;

৪. এনআরবিসি ব্যাংক লিঃ এর ঋণ বিতরণকারী শাখা/উপ-শাখাকে ঋণের কিস্তি/ঋণ আদায়ে সহায়তা করা;

৫. প্রতি তিন মাসে একবার অঞ্চলভিত্তিক এনআরবিসি ব্যাংকের শাখা/উপ-শাখাসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে জেলার উপপরিচালকর নেতৃত্বে তার অধীনস্থ কর্মকর্তাদের নিয়ে আনুষ্ঠানিক সভা করতঃ ঋণ বিতরণ, আদায় ও আত্মকর্মসংস্থান সৃজন পরিস্থিতি পর্যালোচনা ও সুপারিশ প্রণয়ন করা;

৬. যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে (আবাসিক/অনাবাসিক/ভ্রাম্যমাণ) অনুষ্ঠেয় কোর্সসমূহে অতিথি বক্তা হিসেবে এনআরবিসি ব্যাংক কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো;

৭. যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত উদ্যোক্তা যারা অধিদপ্তর হতে তাদের ঋণ গ্রহণ সীমা অতিক্রম করেছে, যারা প্রকৃত উদ্যোক্তায় পরিণত হয়েছে এবং যাদের আগামীতে ব্যবসা সম্প্রসারণে আরো ঋণের প্রয়োজন, এরূপ উদ্যোক্তাদের তালিকা প্রস্তুত করে এনআরবিসি ব্যাংক হতে ঋণ সহায়তা পাওয়ার জন্য সুপারিশসহ তালিকা প্রেরণ করা।

**খ. এনআরবিসি ব্যাংক লিমিটেডঃ**

১. অঞ্চলভেদে যুবদের ঋণ প্রদানের পর্যাপ্ত বরাদ্দের সংকুলান রাখা; এবং সেক্টর অনুযায়ী (যেমন এসএমই, মহিলা উদ্যোক্তা, Transgender (হিজড়া) সম্প্রদায়, প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য) বরাদ্দের পরিমাণ যুব উন্নয়ন অধিদপ্তরের ফোকাল পয়েন্ট (Focal Point)--এর কাছে প্রেরণ করা;

২. যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা/উপজেলা থেকে প্রেরিত প্রশিক্ষণপ্রাপ্ত ঋণ প্রত্যাশীদের বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত সংশ্লিষ্ট সার্কুলার অনুসরণপূর্বক ঋণ বিতরণের কার্যক্রম গ্রহণ করা;

৩. যুব ঋণ গ্রহীতাদেরকে পর্যায়ক্রমে উদ্যোক্তায় উপনীত হতে সহায়তা করা;

৪. যথাসময়ে ঋণ পরিশোধকারীদের দ্রুত পুনরায় ঋণ সুবিধা প্রদান করা;

৫. এনআরবিসি ব্যাংক কর্তৃক আয়োজিত ঋণ প্রদান বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণে অতিথি বক্তা হিসেবে যুব উন্নয়ন অধিদপ্তরের কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো।

**গ. শর্তাবলীঃ**

১. প্রশিক্ষণপ্রাপ্ত যুবগণ, যারা প্রশিক্ষণলব্ধ বিষয়ে আত্মকর্মসংস্থান সৃজনে পরীক্ষামূলকভাবে কাজ শুরু করে কিছু (প্রকল্পভেদে ৫-১০%) বিনিয়োগ করেছেন;

২. প্রকল্পভেদে পর্যায়ক্রমে ঋণের সর্বোচ্চ পরিসীমা ১০ লক্ষ টাকা হবে;

৩. যুব উন্নয়ন অধিদপ্তরের সুপারিশক্রমে এবং দুই পক্ষের আলোচনা সাপেক্ষে বিশেষ ক্ষেত্রে ও প্রকল্পভেদে ঋণের পরিমাণ ১০ লক্ষ টাকার উপরে বৃদ্ধি করা যেতে পারে;

৪. ঋণ পরিশোধের মেয়াদ প্রকল্পভেদে ৬ মাস থেকে ৫ বছর পর্যন্ত হবে এবং ঋণের কিস্তি সাপ্তাহিক, মাসিক, ত্রৈমাসিক অথবা এককালীন পরিশোধযোগ্য হবে;

৫. ঋণ গ্রহীতাকে তার এনআরবিসি ব্যাংকের একাউন্টের মাধ্যমে ঋণ বিতরণ করা হবে;

৬. অধিদপ্তরের প্রশিক্ষিত যুবগণ যারা ঋণ গ্রহণে ইচ্ছুক তারা এনআরবিসি ব্যাংক লিঃ-এর সংশ্লিষ্ট শাখায়/উপ-শাখায় প্রাথমিকভাবে ১০০০/- (এক হাজার) টাকা জমা দিয়ে সঞ্চয়ী হিসাব খুলবেন;

৭. ঋণ গ্রহীতাগণ নির্ধারিত তারিখে ব্যাংকে উপস্থিত হয়ে, প্রতিনিধির মাধ্যমে অথবা Electronic মাধ্যমে ঋণের কিস্তি ও মাসিক সঞ্চয় জমা দিবেন।

**ঘ. ঋণের বিপরীতে সুদের হারঃ**

১. ঋণের সুদের হার ৪% হইতে সর্বোচ্চ ৯% (পরিবর্তনযোগ্য এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার অনুযায়ী নির্ধারিত হবে। যেমন, সার্কুলার অনুযায়ী বর্তমানে সুদ হার: এসএমই-৪%, নারী-৫%, কৃষি-৪-৮%, অন্যান্য-৮-৯%)। এক্ষেত্রে, সাধারণতঃ বিতরণকৃত ঋণের সুদের হার পরিবর্তন হয় না, তবে বাংলাদেশ ব্যাংক হতে যদি কোন সময় উল্লেখ্য বিতরণকৃত ঋণের বিপরীতে সুদ হার পরিবর্তনের সার্কুলার ইস্যু করা হয় সেক্ষেত্রে তা পরিবর্তনযোগ্য হবে;

২. চলমান ঋণের সুদের হার ক্রম হ্রাসমান পদ্ধতিতে (Reducing Method) নির্ণয় করা হবে।

**ঙ.** ঋণ পরিশোধের ক্ষেত্রে অনুগ্রহকাল (Grace Period) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মেনে প্রকল্পভেদে ০৬ মাস পর্যন্ত রাখা যেতে পারে তবে ঋণের মেয়াদ ০১ বছর বা তার চেয়ে কম হলে অনুগ্রহকাল ০৬ মাসের কম হতে পারে।

**চ.** যেহেতু এ ঋণ কার্যক্রম তদারকিধর্মী সেহেতু ঋণগ্রহীতাকে উভয়পক্ষ (অধিদপ্তর ও ব্যাংক) হতে তদারকিতে রাখতে হবে।

**ছ.** যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা/উপজেলা পর্যায়ের কার্যালয় হতে ঋণ বিতরণকারী প্রতিষ্ঠান এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ শাখাকে/উপ-শাখায় ঋণের কিস্তি/ঋণ আদায়ে সহায়তা করতে হবে।

এমতাবস্থায় যুব উন্নয়ন অধিদপ্তর ও এনআরবিসি ব্যাংক লিমিটেড-এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারক যথাযথভাবে বাস্তবায়নের জন্য প্রতি জেলা/উপজেলার কর্ম এলাকার এনআরবিসি ব্যাংকের সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপকের সাথে কার্যকর যোগাযোগ স্থাপনের মাধ্যমে যুব উন্নয়ন অধিদপ্তরের অধিক সংখ্যক প্রশিক্ষিত যুবক ও যুব নারীকে ঋণ সুবিধার আওতাভূক্ত করে তাদেরকে আত্মকর্মসংস্থানে নিয়োজিতকরণসহ অগ্রগতির মাসিক প্রতিবেদন পাঠাতে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সমঝোতা স্মারকের স্বাক্ষরিত কপি - ০৬ (ছয়) পাতা

১৬-২-২০২২

মোঃ আজহারুল ইসলাম খান
মহাপরিচালক (গ্রেড-১)

বিতরণ :

১) উপ-পরিচালক (সকল জেলা) যুব উন্নয়ন অধিদপ্তর

২) উপজেলা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা, -----------------

(সকল) উপজেলা/থানা,----------------- জেলা।

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৮.৩৩.০০৫.২২.১৬/১(৫)

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৮
১৬ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপসচিব, যুব অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

২) পরিচালক , প্রশাসন ও অর্থ , যুব উন্নয়ন অধিদপ্তর

৩) প্রতিমন্ত্রীর একান্ত সচিব , প্রতিমন্ত্রীর দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

৫) সহকারী পরিচালক, আইসিটি অধিশাখা , যুব উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

১৬-২-২০২২
মোঃ শাহীনূর রহমান
উপ-পরিচালক